

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৩৬

১/ বিবিধ

আরবী

السلام قبل الكلام، ولا تدعوا أحداً إلى الطعام حتى يسلم
موضوع

أخرجه الترمذى (2 / 117) وأبو يعلى في "مسنده" (115 / 2) وأبو نعيم في "أخبار أصبهان" (2 / 78) عن عنبسة بن عبد الرحمن عن محمد بن زاذان عن محمد بن المنكدر عن جابر بن عبد الله قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. وقال الترمذى: "هذا حديث منكر، لا نعرفه إلا من هذا الوجه، وسمعت محمد (يعنى: البخاري) يقول: عنبسة بن عبد الرحمن ضعيف في الحديث، ذاهب، ومحمد بن زاذان منكر الحديث".

قلت: قال الحافظ في "التقريب": "هو متروك، وعنبسة متروك، رماه أبو حاتم بالوضع". قلت: ولم يقع للأول ذكر في إسناد أبي يعلى. والحديث عزاه السيوطي لأبي يعلى فقط، وإنما عزا للترمذى منه الشطر الأول فقط، وهو عنده بتمامه. ولم يتتبه لذلك المناوى، وعليه جاء كلامه مختلفا، فقال في الشطر الأول: "وحكمة ابن الجوزي بوضعه، وأقره عليه ابن حجر، ومن العجب أنه ورد بسند حسن، رواه ابن عدي في "كامله" من حديث ابن عمر باللفظ المذكور، وقال الحافظ ابن حجر: هذا إسناد لا يأس به، فأعرض المصنف عن الطريق الجيد، واقتصر على المضعف المنكر، بل الموضوع، وذلك من سوء التصرف قلت: السند الحسن ليس لابن عيد كما بينته في "الصحىحة" (816). ثم قال في حديث أبي يعلى: "قال الهيثمي: في إسناده من لم

أعرفه". قلت: إنما قال الهيثمي هذا في حديث آخر لجابر نصه: "لا تأذنوا لمن لم يبدأ بالسلام، وهو حديث صحيح لطرقه وشهادته، ولذاك خرجته في الكتاب الآخر (817)

বাংলা

১৭৩৬। সালাম হচ্ছে কথা বলার পূর্বেই। আর যে পর্যন্ত সালাম প্রদান না করবে সে পর্যন্ত তোমরা কাউকে খাওয়ার জন্য ডেকো না।

হাদীসটি বানোয়াট।

এটিকে ইমাম তিরমিয়ী (২/১১৭), আবু ইয়ালা তার “মুসনাদ” গ্রন্থে (২/১১৫) ও আবু নুয়াইম “আখবার আসবাহান” গ্রন্থে (২/৭৮) আম্বাসা ইবনু আব্দুর রহমান হতে, তিনি মুহাম্মাদ ইবনু যায়ান হতে, তিনি মুহাম্মাদ ইবনুল মুনকাদির হতে, তিনি জাবের ইবনু আদিল্লাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

ইমাম তিরমিয়ী বলেনঃ এ হাদীসটি মুনকার। একমাত্র এ সূত্রেই আমরা এটিকে চিনি। আর আমি মুহাম্মাদকে (ইমাম বুখারীকে) বলতে শুনেছিঃ আম্বাসা ইবনু আব্দুর রহমান হাদীসের ক্ষেত্রে দুর্বল ও যাহেবুন আর মুহাম্মাদ ইবনু যায়ান মুনকারল হাদীস।

আমি (আলবানী) বলছিঃ হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি মাতরক আর আম্বাসাও মাতরক। আবু হাতিম তাকে হাদীস জাল করার দোষে দোষী করেছেন।

আমি (আলবানী) বলছিঃ প্রথমজনকে আবু ই'য়ালার সনদে উল্লেখ করা হ্যানি।

উল্লেখ্য নিম্নোক্ত ভাষায় হাদিস বর্ণিত হয়েছেঃ

তোমরা সেই ব্যক্তিকে (প্রবেশের) অনুমতি দিও না যে সালাম দ্বারা শুরু না করবে।

আর এ হাদীসটি সহীহ বিভিন্ন সূত্রে বর্ণিত হওয়ার এবং শাহেদ থাকার কারণে। দেখুন “সিলসিলাহ সহীহাহ” (৮১৬, ৮১৭)। উল্লেখ্য আরেকটি হাদীস বর্ণিত হয়েছে যার ভাষাঃ

“সালাম হচ্ছে চাওয়ার (প্রশ্নের) পূর্বে, অতএব তোমাদের যে সালামের পূর্বে চাওয়া শুরু করবে তোমরা তার ডাকে সাড়া দিও না।”

এ হাদীসটি হাসান পর্যায়ভুক্ত বর্ণনাকারী ইবনু লাহীয়াহ হতে নির্ভরযোগ্য কাসীর ইবনু ওবায়েদ হিমসীর শ্রবণ সাব্যস্ত হওয়ার কারণে। বিস্তারিত দেখুন “সিলসিলাহ সহীহাহ” (৮১৬)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72619>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন